ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




ঋতাভরীকে ঝুলি ভর্তি উপহার পাঠালেন দীপিকা

পৃঃ ৫



অবসর নিয়ে যা বললেন রোহিত শর্মা

পৃঃ ৬


Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৭৩ ● কলকাতা ● ০১ চৈত্র, ১৪৩০ ● শুক্রবার ● ১৫ মার্চ, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## মাথায় গুরুতর চোট, প্রবল রক্তপাত

# এসএসকেএম হাসপাতালে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গুরুতর আহত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এসএসকেএম হাসপাতালের উডবার্ন ওয়ার্ডে তাঁকে ভর্তি করা হয়েছে। তাঁর মাথায় আঘাত লেগেছে। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে সোশ্যাল মিডিয়ায় যে ছবি প্রকাশ করা হয়েছে তাতে দেখা গিয়েছে মাথা ফেটে গিয়ে রক্ত বেরোচ্ছে। খবর পেয়ে ইতিমধ্যেই হাসপাতালে পৌঁছেছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়, ভাই বাবুন বন্দ্যোপাধ্যায়, ফিরহাদ হাকিম। রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারও হাসপাতালে পৌঁছে গিয়েছেন। জানা গিয়েছে প্রায় অচৈতন্য অবস্থায় তাঁকে হাসপাতালে নিয়ে আসা হয়েছে। চিকিৎসকরা তাঁর চিকিৎসা শুরু করে দিয়েছেন। চোট কতটা গুরুতর মাথার আঘাত নিয়েও চিকিৎসা চলছে। জানা গিয়েছে বাড়িতে পড়ে গিয়ে মাথায় আঘাত লেগেছে তাঁর। সঙ্গে সঙ্গে বাড়ির লোকেরা তাঁকে হাসপাতালে নিয়ে আসেন। বাড়ির সামনে হাঁটার সময় হোঁচট খেয়ে দুর্ঘটনা ঘটে বলে প্রাথমিক ভাবে জানা গিয়েছে। সঙ্গে সঙ্গে তাঁকে হাসপাতালে নিয়ে আসা হয়। সঙ্গে ছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মা।

## শাহজাহান এবং ভাইয়ের গাড়ির হদিস পেল ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সাসপেন্ড হওয়া তৃণমূল নেতা শাহজাহানের একটি গাড়ির হদিস পেল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। তাঁর ভাই আলমগীরেরও একটি গাড়ির হদিস পেয়েছেন গোয়েন্দারা। সন্দেশখালিতে শাহাজাহান মার্কেটের কাছে একটি মুদি দোকানের গুদামের কাছে রাখা ছিল সেই গাড়ি।অন্য দিকে, শাহজাহানের ফোনের বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য পেয়েছে সিবিআই। তদন্তকারী সংস্থা সূত্রের খবর, তারা জেনেছে যে ওই ফোন নষ্ট করা হয়নি। ফোনটি কোথায় থাকতে পারে সে ব্যাপারেও কিছু তথ্য এসেছে তাদের হাতে। সিবিআই সূত্রে খবর, জেরায় এই সব তথ্য জানিয়েছেন শাহজাহান নিজেই। তদন্তকারীদের শাহাজাহান জানিয়েছেন, ফোনে বিপদ ঘনাতে পারে বুঝেই সেটি সরিয়ে ফেলেছিলেন তিনি।
সিবিআই মনে করছে, ইডির উপর হামলার ঘটনায়

এরপর ৩ পাতায়

## ডায়মন্ড হারবারে অভিষেকের বিরুদ্ধে

# প্রার্থী হচ্ছেন না নওশাদ






**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঘোষণা করেছিলেন অনেক আগেই। বলা ভালো গর্জন করেছিলেন। কিন্তু ভোটের মুখে পিছিয়ে এলেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকি । ডায়মন্ড হারবার কেন্দ্রে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে লড়ছেন না নওশাদ। বস্তুত ওই কেন্দ্রটিতে প্রার্থীই দেবে না আইএসএফ ।তাৎপর্যপূর্ণভাবে বামেদের সঙ্গে আসনরফার কথা আইএসএফ বললেও, তাঁরা যে আটটি কেন্দ্রে লড়তে চায়, সেই আট কেন্দ্রের নাম একপেশেভাবে ঘোষণা করে দিয়েছে। আবার বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুও এদিন সাংবাদিক বৈঠকে দাবি করেছেন, "আইএসএফের ওই ঘোষণার সঙ্গে তাঁদের কোনও সম্পর্ক নেই। আইএসএফ কোন আসনে লড়বে, সেটা তাদের অভ্যন্তরীণ বিষয়।" রাজ্যে আদৌ আইএসএফের সঙ্গে বাম দলগুলির কোনও জোট বা আসন সমঝোতা হবে কিনা, দু-তরফের বয়ানের পর সেটা নিয়ে বড় সংশয়ের জায়গা তৈরি হয়ে গেল।
বামেদের সঙ্গে আলোচনার পর ডায়মন্ডহারবার কেন্দ্রটি সিপিএমের জন্যই ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে ইন্ডিয়ান সেকুলার ফ্রন্টের রাজ্য নেতৃত্ব। বামেদের সঙ্গে আলোচনায় রাজ্যে আইএসএফ যে আটটি আসনে লড়ার ইচ্ছাপ্রকাশ করেছে, সেই তালিকায় নেই ডায়মন্ড হারবার। এদিন দলের বৈঠকের পর আইএসএফের কার্যকরী সভাপতি সামসুর আলি মল্লিক জানিয়েছেন, প্রথমে ২০টি আসনে লড়াই করতে চাইলেও দফায় দফায় আলোচনার শেষে আটটি আসনে প্রার্থী দেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে। উত্তর

এরপর ৩ পাতায়








## ।। শ্রীরামপুর থানার পাশে স্থাপিত

### শ্রী শ্রী সিদ্ধেশ্বরীকালী মন্দিরে, ২০২৪ খ্রি: শীতলা মায়ের প্রথম দর্শন ।।



প্রতিমা শিল্পী - স্বামী পরমানন্দ গিরি জী মহারাজ

## সুন্দরবনে সাড়ম্বরে পালিত হল 'বিশ্ব নদী দিবস'




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সুন্দরবনে সাড়ম্বরে পালিত হল 'আন্তর্জাতিক নদী দিবস' । বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা গ্রামে । সুন্দরবনের নদী সংলগ্ন এলাকায় বসবাসকারী সমাজসচেতন উৎসাহী শতাধিক মহিলা, পুরুষ এবং স্কুল পড়ুয়ারা এদিন মহাসমারোহে বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে গ্রাম পরিক্রমা করেন, পরে পবিত্র সূচিবস্ত্রে পাঁচ ফলের উপাচার, নৈবেদ্য নিয়ে ঘটা করে রাক্ষসখালি নদীকে পুজো করেছেন ষ পুজোর সময় শাঁক, ঘন্টা, কাঁসর এবং উলুধ্বনিতে মুখরিত হয়ে উঠেছিল পুরো পাথরপ্রতিমা গ্রাম । অনুষ্ঠান দেখতে উপছে পড়ে ছিল গোটা গ্রাম ।


দক্ষিণ ২৪ পরগনা বনবিভাগের অধীন রামগঙ্গা রেঞ্জ, বেঙ্গল চেম্বার্স অব কমার্স এবং মেনস্যু ইন্ডিয়া'র উদ্যোগে এই 'নদী দিবস',-এর আয়োজন করা হয়েছিল । স্থানীয় মানুষরা জানিয়েছেন, সুন্দরবনের নদীনালা, গাঙখাল গুলি ক্রমশঃ মজে যাচ্ছে । সেগুলি সংস্কার করা দরকার । জলের অভাবে কৃষিকাজ বন্ধের মুখে । সুন্দরবনের বড় নদীর সঙ্গে সংযুক্ত গাংখালে মাছ-চিংড়ি, কাঁকড়া ধরেমেরে জীবিকা গুজরান হয়। নদীর চরেও ম্যানগ্রোভ চারাগাছ রোপন করে থাকেন । কিন্তু সেই চর দখল করে মেছোভেড়ি তৈরী হয়ে যাওয়ায় সমস্যায় পড়েছেন গরিব মানুষরা । অনুষ্ঠানের শেষে মহিলারা নৌকায় করে নদী পথে রাক্ষসখালি, বনশ্যামনগর, জি-পল্ট এলাকায় প্রচার এবং সচেতন করেছেন সাধারণ গ্রামবাসীদের। রামগঙ্গা রেঞ্জের রেঞ্জ অফিসার কবির হোসেন বলেন' প্রতিবছর এলাকার মানুষ এই দিনটি শ্রদ্ধার সঙ্গে পালন করে থাকেন । আমরা সহযোগিতা করে থাকি ।

## রাজ্য জুড়ে সি এ এ র বিরুদ্ধে বিক্ষোভ

### সি পি আই এম এল- লিবারেশনের




**অভিজিৎ নদিয়া : নিউজ সারাদিন :** রাজ্যে জুড়ে নাগরিকত্ব সংশোধনী আইনের বিরুদ্ধে সি পি আই এম এল লিবারেশন এর প্রতিবাদ সভা অনুষ্ঠিত হলো। দিল্লীতে নামাজীদের উপর পুলিশি হামলার বিরুদ্ধে ও বিজেপি আরএসএস দ্বারা বিদ্বেষমুলক নাগরিত্ব আইন প্রত্যাহারের দাবিতে রাজ্যের বিভিন্ন জেলায় জেলায় এদিন বিক্ষোভ সভা অনুষ্ঠিত হয়। নদীয়া জেলা জুড়ে কৃষ্ণনগর, শান্তিপুর রানাঘাট নবদ্বীপ শহরে বিক্ষোভ মিছিল এবং সভা অনুষ্ঠিত হয়। সি এ এ বিরোধী এই সভাকে কেন্দ্র করে এদিন বিভিন্ন জায়গায় সাধারন মানুষের নজর ছিল ভালোই। সিপিআইএম লিবারেশন এর পক্ষ থেকে পরীক্ষিত পাল জানান বিজে পি সরকারের পুলিশ এ ধরনের আচরণের সর্বস্তরের মানুষ ক্ষুব্ধ। ধর্ম যার যার উৎসব সবার। লোকসভা ভোটের আগে এই ধরনের আচরণ বিরোধী শিবিরে প্রচারের আলো এনে দেবে।




## জঙ্গলমহলের সরকারী বিদ্যালয়েও পরিচয় পত্র



**নিজস্ব সংবাদদাতা , পশ্চিম মেদিনীপুর: নিউজ সারাদিন :** পাড়ায় পাড়ায় গড়ে উঠেছে প্রচুর বেসরকারি বিদ্যালয়। সরকারি স্কুলের লাগুয়া ইংলিশ মিডিয়াম , বাংলা মিডিয়াম বেসরকারি স্কুলের ছড়াছড়ি । জঙ্গল মহলের এই চিত্র এখন স্বাভাবিক। তা সত্ত্বেও সরকারি স্কুলগুলোকে টিকিয়ে রাখার প্রচেষ্টা চলছে জোর কদমে। সমস্ত দিক দিয়েই চেষ্টা চলছে। শিক্ষক শিক্ষিকা , অবর বিদ্যালয় পরিদর্শক থেকে শুরু করে শিক্ষা বন্ধু, প্রশাসন সকলেই চেষ্টা করছে, যাহাতে বিদ্যালয়ে গুলিতে ছাত্র আগের তুলনায় অনেক বেড়ে ওঠে ।জঙ্গলমহলের এই রকমই একটি উদ্যোগ পশ্চিম মেদিনীপুর জেলার শালবনী ব্লকের জামদারগড় প্রাথমিক বিদ্যালয়ে। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে পরিচয় পত্র প্রদান করা হল। বেসরকারি স্কুলগুলোকে টেক্কা দিয়েও খুব সুন্দরভাবে ছাত্র-ছাত্রীদের বাংলার শিক্ষার পোর্টাল থেকে সমস্ত তথ্য নিয়ে ছাত্রছাত্রীদের কার্ডের মধ্যে তুলে ধরা হয়েছে। মাননীয় অমর বিদ্যালয়ে পরিদর্শক সৌভিক জানা মহাশয় এবং শিক্ষা বন্ধু অভিজিৎ অধিকারীর উপস্থিতিতে শিক্ষক শিক্ষিকাদের সহযোগিতায় প্রদান করা হয়। অভিভাবকদের মধ্যে উচ্ছ্বাস উদ্দীপনা দেখা গেছে এছাড়া আরো নতুন নতুন পরিকল্পনা গ্রহন করার জন্য অবর বিদ্যালয়ে পরিদর্শক সৌভিক জানা মহাশয় আলোচনা করেন। ভবিষ্যতে ছাত্র-ছাত্রীর উপস্থিতি যাতে বেশি হয় সেই কারনে এই উদ্যোগকে সকল মহল থেকে সাধুবাদ জানানো হয়েছে।

## গঙ্গা পরিষ্কার আমাদের অঙ্গীকার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বৃহস্পতিবার অনুষ্ঠিত হলো জনসংযোগ অনুষ্ঠান, আয়োজনে - জেলা গঙ্গা কমিটি মুর্শিদাবাদ ও মুর্শিদাবাদ জেলা প্রশাসন, উদ্যোগ - ওয়েস্ট বেঙ্গল স্টেট প্রোগ্রাম ম্যানেজমেন্ট গ্রুপ। সমর্থনে- ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা। বৃহস্পতিবার অনুষ্ঠিত হলো গঙ্গা পরিষ্কার আমাদের অঙ্গীকার মহারানী নীলিমা প্রভা মুক-বধির বিদ্যালয়ে। এদিন বিদ্যালয়ের মুক - বধির ছাত্র ছাত্রীদের নিয়ে অংকন প্রতিযোগিতার মধ্য দিয়ে শুরু হয় এই অনুষ্ঠান। উপস্থিত ছিলেন বহরমপুর বিডিও শ্রী অমরজ্যোতি সরকার, ডিস্ট্রিক্ট প্রজেক্ট অফিসার অফ ডিস্ট্রিক্ট গঙ্গা কমিটি মুর্শিদাবাদ শ্রীমতী সাত্যকি জানা, এক্সিকিউটিভ

এরপর ৩ পাতায়






প্রত্যাশামুখী ভারতের মূল ভাবনা

## 'এক দেশ এক নির্বাচন-একইসঙ্গে নির্বাচন' সংক্রান্ত রিপোর্ট জমা দিল উচ্চস্তরীয় কমিটি

**নয়াদিল্লি, ১৪ মার্চ, ২০২৩ : নিউজ সারাদিন** : ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দের অধ্যক্ষতায় গঠিত একইসঙ্গে নির্বাচন সংক্রান্ত উচ্চস্তরীয় কমিটি ভারতের মাননীয় রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করে তাদের রিপোর্ট জমা দিয়েছে। ১৮,৬২৬ পাতার এই রিপোর্ট তৈরি হয়েছে বিভিন্ন পক্ষ, বিশেষজ্ঞ এবং ২০২৩-এর ২ সেপ্টেম্বর গঠিত হওয়া থেকে ১৯১ দিন ধরে বিস্তারিত গবেষণার পরে।

কমিটির অন্য সদস্যরা হলেন - কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ, রাজ্যসভার প্রাক্তন বিরোধী নেতা শ্রী গুলাম নবি আজাদ, পঞ্চদশ অর্থ কমিশনের প্রাক্তন চেয়ারম্যান শ্রী এন কে সিং, লোকসভার প্রাক্তন মহাসচিব ডঃ সুভাষ সি কাশ্যপ, বর্ষীয়ান আইনজীবী শ্রী হরিশ সালভে এবং প্রাক্তন চিফ ভিজিল্যান্স কমিশনার শ্রী সঞ্জয় কোঠারি। আইন ও বিচার মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী শ্রী অর্জুন রাম মেঘওয়াল এই কমিটিতে বিশেষ আমন্ত্রিত সদস্য এবং এর সচিব হলেন ডঃ নীতেন চন্দ্র।

বিভিন্ন পক্ষের মতামত জানতে বিস্তারিত আলোচনা করে কমিটি। ৪৭টি রাজনৈতিক দল তাদের মতামত এবং সুপারিশ জানায়। তার মধ্যে ৩২টি দল একসঙ্গে নির্বাচনকে সমর্থন জানিয়েছে। অনেক রাজনৈতিক দলই এই বিষয় নিয়ে উচ্চস্তরীয় কমিটির সঙ্গে বিস্তারিত আলোচনা করে। সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে সারা ভারতের নাগরিকদের কাছ থেকে ২১,৫৫৮টি জবাব আসে। ৮০ শতাংশই একসঙ্গে নির্বাচনকে সমর্থন জানিয়েছে। আইন বিশেষজ্ঞ, যেমন ভারতের চারজন প্রাক্তন প্রধান বিচারপতি এবং প্রধান হাইকোর্টগুলির ১২ জন প্রাক্তন প্রধান বিচারপতি, ভারতের প্রাক্তন চারজন মুখ্য নির্বাচন কমিশনার, আটজন রাজ্য নির্বাচন কমিশনার এবং ল' কমিশন অফ ইন্ডিয়ার চেয়ারম্যানের সঙ্গেও কমিটি আলোচনা করে। এইসঙ্গে ভারতের নির্বাচন কমিশনের মতামতও জানতে চাওয়া হয়েছিল।

এরপর ৪ পাতায়

নৈহাটিতে শেখ শাহজাহানের জমি আছে'

# পার্থর বিরুদ্ধে বিস্ফোরক অর্জুন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : বিজেপিতে যোগ দেওয়ার কথা ঘোষণার পরই পার্থ ভৌমিকের বিরুদ্ধে বিস্ফোরক অর্জুন সিংহ । নৈহাটিতে শেখ শাহজাহানের জমি আছে বলে মন্তব্য অর্জুনের। একইসঙ্গে তদন্ত হলেই সব স্পষ্ট হয়ে যাবে হুঙ্কার অর্জুন সিংহর। এদিকে এবার বিজেপি কর্মীদের নামে ব্যারাকপুরে অর্জুন সিংয়ের সমর্থনে পড়ল পোস্টার। পোস্টারে লেখা, অর্জুন সিং ফিরে এসেছে, নতুন মহাভারত সৃষ্টি হবে। নীচে লেখা, পুরনো বিজেপি কর্মীবৃন্দ। এদিন ব্যারাকপুরের মোহনপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় অর্জুনের সমর্থনে পোস্টার দেখা যায়। ঘটনাচক্রে আজই অর্জুন সিং জানিয়েছেন, তিনি তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দিচ্ছেন।লোকসভা ভোটের আগে ফের বিজেপিতে যোগ দিলেন বয়ারাকপুরের সাংসদ অর্জুন সিং। এদিন দলবদলের ঘোষণার পরই অর্জুনের নিশানায় পার্থ ভৌমিক। একইসঙ্গে জুড়ে গেল সন্দেশখালিকাণ্ডের মাস্টারমাইন্ড শেখ শাহজাহানের নামও। সন্দেশখালির সাধারণ মানুষের সঙ্গে কথা বলতে সেখানে হাজির হয়েছিল তৃণমূলের প্রতিনিধি দল। যার মধ্যে ছিলেন পার্থ ভৌমিকও। অর্জুনের দাবি, নৈহাটিতে পার্থ ভৌমিকের বিধানসভা এলাকায় শেখ শাহজাহান ও তাঁর সাঙ্গোপাঙ্গোদের বিঘার পর বিঘা জমি আছে। বিধায়কের ছত্রচ্ছায়া এটা কী সম্ভব বলে প্রশ্ন তুললেন তিনি। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি সরিয়ে মঙ্গলবারই তাঁর অফিসে জায়গা করে নিয়েছিল নরেন্দ্র মোদির ছবি। বুধবার অর্জুন সিংহ বলে দিয়েছিলেন পার্থ ভৌমিকের বিরুদ্ধে লড়াই করবেন তিনিই। আর বৃহস্পতিবার ছবিটা আরও স্পষ্ট হল। ব্যারাকপুরের সাংসদ জানিয়ে দিলেন তিনি বিজেপিতে যোগ দিচ্ছেন। আর বিজেপিতে যোগ দেওয়ার ঘোষণার পরই নিশানা করলেন ব্যারাকপুরের তৃণমূল প্রার্থীকে। এদিন অর্জুন বলেন, 'নৈহাটিতে শেখ শাহজাহানের জমি আছে। শেখ শাহজাহানের সাঙ্গোপাঙ্গোদেরও বিঘের পর বিঘে জমি আছে। শিবু হাজরা, উত্তম সর্দারদেরও প্রচুর জমি রয়েছে নৈহাটিতে। নৈহাটির বিধায়কের সাহায্যেই জমি কিনেছে শেখ শাহজাহান বাহিনী। ইডির উপর হামলার পর শেখ শাহজাহানকে বাঁচাতে কাকে পাঠানো হয়েছিল, সবাই জানে। পার্থ ভৌমিক পুরসভায় গিয়ে কর্মীদের ধমকাচ্ছেন, দল ছাড়লে কেস দেওয়ার ভয় দেখাচ্ছেন।'

## ভোজ্য তেলে স্বনির্ভরতা অর্জনের জাতীয় লক্ষ্যে নেতৃত্ব দিচ্ছেন প্রধানমন্ত্রী



**নয়াদিল্লি, ১৪ মার্চ, ২০২৩ : নিউজ সারাদিন** : ভারত বর্তমানে মোট ভোজ্য তেলের ৫৭ শতাংশই আমদানি করে বিভিন্ন দেশ থেকে। ভোজ্য তেলে আমদানি নির্ভরতার ফলে আমাদের খরচ হয় ২০.৫৬ বিলিয়ন ডলার। এতে আমাদের বৈদেশিক মুদ্রার ভাণ্ডারে টান পড়ে। এর জন্য তৈলবীজ এবং পাম তেলের প্রসারের মাধ্যমে ভোজ্য তেল উৎপাদন বাড়িয়ে দেশের আত্মনির্ভর হওয়া জরুরি। অরুণাচল প্রদেশ সফরের সময় প্রধানমন্ত্রী ভোজ্য তেল উৎপাদনে ভারতের আত্মনির্ভরতার কথা বিশেষভাবে উল্লেখ করেছিলেন। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মিশন পাম অয়েল-এর কথা তুলে ধরেন। এই বিশেষ অভিযানটি কেন্দ্রীয় সরকার চালাচ্ছে উত্তর-পূর্বের দিকে নজর দিয়ে। প্রধানমন্ত্রী এই অভিযানের অধীনে প্রথম তেল কলটিরও উদ্বোধন করেছিলেন। পাম চাষকে বেছে নেওয়ার জন্য কৃষকদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, “মিশন পাম অয়েল ভারতকে ভোজ্য তেলের ক্ষেত্রে আত্মনির্ভর করে তুলবে এবং কৃষকদের উপার্জন বৃদ্ধি করবে।”

ভারত সরকার ২০২১-এর আগস্টে ন্যাশনাল মিশন ফর এডিবল অয়েলস - অয়েল পাম (এনএমইও-ওপি)-র সূচনা করে। এই অভিযানের লক্ষ্য, পাম চাষ বৃদ্ধি এবং অশোধিত পাম তেলের উৎপাদন ২০২৫-২৬-এর মধ্যে বাড়িয়ে ১১.২০ লক্ষ টন করা। সারা দেশে ১৫টি রাজ্যে এই কর্মসূচি চলছে। ২১.৭৫ লক্ষ হেক্টর জমিতে চাষ হচ্ছে। এ পর্যন্ত ১ কোটি চারা চাষের ক্ষমতাসম্পন্ন ১১১টি নার্সারি তৈরি করা হয়েছে। এর পাশাপাশি, ১.২ কোটি চাষের উপাদান সহ ১২টি বীজ উদ্যান তৈরি করা হয়েছে।

অয়েল পাম মিশন তৈরি হয়েছে নতুন নতুন জায়গায় পাম তেলের প্রসারে। চাষের উপাদান, উৎপাদিত পণ্য কিনে নেওয়া এবং বিশ্ব বাজারে দামের ওঠা-নামা থেকে কৃষকদের সুরক্ষা দেওয়াও এই কর্মসূচির লক্ষ্য। সরকার সময়ে সময়ে পাম তেলের দামের পুনর্মূল্যায়ন করেছে। ২০২২-এর ১০,৫১৬ টাকা থেকে ২০২৩-এর নভেম্বরে করা হয়েছে ১৩,৬৫২ টাকা। কৃষকদের ঝুঁকি কমাতে এই কর্মসূচিতে চাষের জন্য কৃষকদের হেক্টর পিছু ৭০ হাজার টাকা সহায়তা দেওয়া হচ্ছে। সেইসঙ্গে, পাম তেল চাষের জন্য কৃষকদের কৃষির যন্ত্রপাতি কিনতে ২ লক্ষ ৯০ হাজার টাকা দেওয়া হচ্ছে এবং কাস্টম হায়ারিং সেন্টার (সিএইচসি) স্থাপনের জন্য ২৫ লক্ষ টাকা সহায়তা দেওয়া হয়েছে।

কর্মসূচির অধীনে প্রক্রিয়াকরণ সংস্থাগুলি কৃষকদের জন্য ওয়ান-স্টপ সেন্টার তৈরি করছে যেখানে কৃষকদের উৎপাদিত পণ্য সংগ্রহ করা হয়, তথ্য জানানো হয়, কাস্টম হায়ারিং পরিষেবা দেওয়া হয় এবং কৃষি সংক্রান্ত পরামর্শ দেওয়া হয়।

এই দূরদৃষ্টিসম্পন্ন উদ্যোগ অর্থনৈতিক বৃদ্ধি, কৃষকদের ক্ষমতায়ন এবং ভারতে ভোজ্য তেল উৎপাদনের উপযোগী দীর্ঘস্থায়ী পরিবেশ তৈরি করতে সরকারের দায়বদ্ধতা প্রমাণ করে। এই কর্মসূচি ভোজ্য তেলের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে আত্মনির্ভরতা অর্জনে ভারতের নিষ্ঠার প্রমাণস্বরূপ।

দেশজুড়ে সুবিধাবঞ্চিত শ্রেণির

## মানুষের ঋণ সহায়তার লক্ষ্যে আয়োজিত কর্মসূচিতে অংশ নেবেন প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৩ মার্চ বিকেল ৪টেয় দেশজুড়ে সুবিধাবঞ্চিত শ্রেণির মানুষের কাছে ঋণ সহায়তা পৌঁছে দেওয়ার লক্ষ্যে আয়োজিত এক কর্মসূচিতে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে অংশ নেবেন। প্রধানমন্ত্রী সামাজিক উত্থান রোজগার আধারিত জনকল্যাণ (পিএম-সুরজ) পোর্টালের সূচনা করবেন শ্রী মোদী এবং দেশের সুবিধা বঞ্চিত শ্রেণির ১ লক্ষ শিল্পোদ্যোগীর জন্য ঋণ সহায়তা মঞ্জুর করবেন। তপশিলি জাতি, পশ্চাৎপদ শ্রেণি এবং স্যানিটেশন কর্মী সহ সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগী অনগ্রসর সম্প্রদায়ের মানুষের সঙ্গে আলাপচারিতায় মিলিত হবেন প্রধানমন্ত্রী। অনগ্রসরদের অগ্রাধিকার দেওয়ার লক্ষ্যে প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়িত করতেই সুবিধাবঞ্চিত শ্রেণির মানুষদের জন্য পিএম-সুরজ পোর্টাল চালু করা হচ্ছে। সমাজের অত্যন্ত প্রান্তিক শ্রেণির মানুষদের তুলে আনার লক্ষ্যেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। দেশজুড়ে যোগ্য ব্যক্তিদের ব্যাঙ্ক, এনবিএফসি-এমএফআই এবং অন্যান্য সংস্থার মাধ্যমে ঋণ সহায়তা দেওয়া হবে। প্রধানমন্ত্রী সাফাই মিত্র (নিকাশি ও সেফটিক ট্যাঙ্ক সাফাইকর্মী)-দের হাতে আয়ুষ্মান হেল্থ কার্ড এবং পিপিই কিট তুলে দেবেন। প্রতিকূল পরিস্থিতিতে একেবারে সামনের সারিতে থেকে কাজ করা কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার লক্ষ্যেই এই কর্মসূচি। দেশের ৫০০টি জেলা থেকে বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধাপ্রাপক অনগ্রসর শ্রেণির ৩ লক্ষ মানুষ এই কর্মসূচিতে অংশ নেবেন।






নারী শক্তি প্রগতির পথে

# লিঙ্গ বৈষম্য সারণী ২০২২-এ ভারত ১৪ ধাপ উন্নীত

**নয়াদিল্লি, ১৪ মার্চ, ২০২৪ : নিউজ সারাদিন** : ইউএনডিপি তাদের মানব উন্নয়ন রিপোর্ট ২০২৩/২০২৪-এ লিঙ্গ বৈষম্য সারণী ২০২২ প্রকাশ করেছে ১৩ মার্চ। এই তালিকা অনুসারে, ১৯৩টি দেশের মধ্যে ভারতের স্থান ১০৮-এ। ২০২১-এ এই তালিকায় ভারতের স্থান ছিল ১৯১টি দেশের মধ্যে ১২২-এ। এ থেকে দেখা যাচ্ছে, ২০২১ সালের তুলনায় ২০২২ সালে ভারত এই সারণীর ১৪ ধাপ ওপরে উঠে এসেছে।

বিগত ১০ বছরে ভারতের ফলাফল ভালো হয়েছে। এ থেকে প্রমাণিত হয়, দেশে লিঙ্গসাম্য বেড়েছে। ২০১৪ সালে লিঙ্গসাম্যের ক্ষেত্রে ভারত ১২৭ নম্বর স্থানে ছিল। বর্তমানে তা হয়েছে ১০৮। মহিলাদের ক্ষমতায়ন নিশ্চিত করতে সরকার যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে, তার ফলাফল এখানে লক্ষ্য করা যাচ্ছে। দীর্ঘমেয়াদী সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক উন্নয়নের জন্য সরকার নীতি-নির্ধারণ করছে। নারী শিক্ষা, দক্ষতা বৃদ্ধি, কর্ম ক্ষেত্রে নিরাপত্তা, উদ্যোগপতিদের সম্মান প্রদর্শনের মতো বিষয়গুলিতে সরকারের প্রয়াস বিশেষভাবে লক্ষ্য করা গেছে। মহিলা নেতৃত্বাধীন উন্নয়নে সরকার যে পদক্ষেপ নিয়েছে, তা থেকেও ভালো ফল পাওয়া যাচ্ছে।

১-ম পাতার পর

# ডায়মন্ড হারবারে অভিষেকের বিরুদ্ধে প্রার্থী হচ্ছেন না নওশাদ

২৪ পরগনার বারাসত, বসিরহাট, দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর ও যাদবপুর আসনে প্রার্থী দেবে আইএসএফ। তবে জোট রাজনীতির স্বার্থে ডায়মন্ড হারবারে প্রার্থী দেওয়া হচ্ছে না।

একটা সময় পর্যন্ত মনে করা হয়েছিল ডায়মন্ড হারবারে বাম-কংগ্রেস-আইএসএফ জোট প্রার্থী হিসাবে লড়বেন নওশাদ সিদ্দিকি। ভাঙড়ের বিধায়ক নিজে সে কথা ঘোষণা করেছিলেন। রীতিমতো অভিষেক বন্দ্যোপাধ্যায়কে হারানোর চ্যালেঞ্জ নিয়েছিলেন। কিন্তু বামেদের সঙ্গে জোট আলোচনার সময় আইএসএফ ডায়মন্ড হারবারের জন্য আবেদনও জানাল না। বরং তাঁরা দক্ষিণ ২৪ পরগনা থেকে মথুরাপুর এবং যাদবপুর আসনে লড়ার দাবি জানাল। আইএসএফের তরফে জানিয়ে দেওয়া হল, যাদবপুরে যদি সিপিএম আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্যকে প্রার্থী করা হয়, তাহলে বিকাশকে সমর্থন করবে দল, নতুবা নিজেদের মতো প্রার্থী দেবে। ডায়মন্ড হারবার ছাড়া মোট ৮টি আসনের যে তালিকা আইএসএফের তরফে দেওয়া হয়েছে, তাতে মুর্শিদাবাদের একটি এবং মালদহের একটি আসনও আছে।

১-ম পাতার পর

# শাহজাহান এবং ভাইয়ের গাড়ির হদিস পেল ইডি

শাহজাহানের ফোন একটি গুরুত্বপূর্ণ সূত্র। তারা এ-ও মনে করছে যে, শাহজাহানের ওই ফোনে বহু গুরুত্বপূর্ণ তথ্য থাকতে পারে। ইডি-মামলা তো বটেই, তার পাশাপাশি রেশন দুর্নীতি সংক্রান্ত মামলা এমনকি, যে নতুন আমদানি-রফতানি সংক্রান্ত দুর্নীতি মামলায় বৃহস্পতিবার সন্দেশখালিতে তল্লাশি চালাচ্ছে ইডি, সে বিষয়েও অনেক অজানা সূত্র হাতে আসতে পারে শাহজাহানের মোবাইল থেকে।ইডির দাবি, সেগুলি লুকিয়ে রাখা হয়েছিল। যেই দোকানের গুদামে এই গাড়ি রাখা ছিল, তার মালিক আনন্দবাজার অনলাইনকে জানিয়েছেন, তাঁর বড় ছেলে জায়গাটি ভাড়া দিয়েছিলেন শাহজাহানকে। স্থানীয় থানায় বিষয়টি মৌখিক ভাবে জানিয়েও ছিলেন। দু'টি গাড়ি বাজেয়াপ্ত করার প্রক্রিয়া শুরু করা হয়েছে ইডির তরফে।

শাহজাহান মার্কেটে রয়েছে একটি মুদি দোকান। তার সঙ্গেই রয়েছে গুদাম। গুদামের দরজা তালাবন্ধ ছিল। ইডি আধিকারিকেরা সেই তালা খোলান। তার পর দেখা যায়, গুদামে রয়েছে আইসক্রিম রাখার ফ্রিজার। সেখানেই রয়েছে চারটি গাড়ি। তার মধ্যে একটি শাহজাহান এবং অন্যটি তাঁর ভাই আলমগীরের। সেগুলি 'থর' এবং এসইউভি গাড়ি। যে দোকান সংলগ্ন গুদামে ওই গাড়ি রাখা হয়েছিল, সেই দোকানের এক কর্মী বলেন, "কার গাড়ি, জানি না। চালক গাড়ি রাখেন, জানি।'' তিনি এ-ও জানিয়েছেন, শাহজাহানকে গাড়ি রাখতে দেখেননি তিনি। যাঁর জায়গায় গাড়িটি রাখা, সেই মোসেল্লেম শেখকে আনন্দবাজার অনলাইনের তরফে ফোন করা হয়েছিল। তিনি জানান, তাঁর বড় ছেলে গাড়ি রাখার জন্য শাহজাহানকে তিন হাজার টাকায় জায়গাটি ভাড়া দিয়েছিলেন। গত ডিসেম্বর নাগাদ। মোসেল্লেম জানিয়েছেন, সেই সময় তিনি সন্দেশখালিতে ছিলেন না। শাহজাহানের বিষয়টি প্রকাশ্যে আসতে তিনি স্থানীয় থানায় গিয়ে মৌখিক ভাবে গাড়ি রাখার কথা জানিয়েছিলেন। থানা থেকে গাড়ি বার করে দেওয়ার 'উপদেশ' দিয়েছিল বলে জানান তিনি।

শাহজাহান শেখের বিরুদ্ধে আমদানি-রফতানি সংক্রান্ত একটি মামলায় বৃহস্পতিবার সন্দেশখালির কয়েকটি জায়গায় তল্লাশি অভিযানে যান ইডির আধিকারিকেরা। ধামাখালির কাছে একটি পাইকারি মাছের বাজার এবং ওই বাজারের অন্যতম অংশীদার নজরুল মোল্লার বাড়িতেও তল্লাশি চালান তাঁরা। এর পরেই শাহজাহান মার্কেটের ওই গুদামে তালা খুলে তল্লাশি চালানো হয়। সেখানেই চোখে পড়ে চারটি গাড়ি। তার মধ্যে একটি শাহজাহান এবং অন্যটি তাঁর ভাই আলমগীরের নামে।

২ পাতার পর

# গঙ্গা পরিষ্কার আমাদের অঙ্গীকার

অফিসার বহরমপুর মিউনিসিপাল শ্রী মনি মোহন চট্টোপাধ্যায়, মিউনিসিপাল ইয়থ অফিসার সুভাষচন্দ্র বিশ্বাস ফাইন্যান্স অফিসার বহরমপুর মিউনিসিপ্যালিটি রাজেশ চৌধুরী, ইঞ্জিনিয়ার বহরমপুর মিউনিসিপ্যালিটি মানব রায়,, বিদ্যালয়ের প্রধান শিক্ষক অর্ক নারায়ণ দোলুই এবং অন্যান্য শিক্ষক, শিক্ষিকা ছাত্র ছাত্রী, অভিভাবক অভিভাবিকা সহ অন্যান্য আধিকারিক গন। গঙ্গা পরিষ্কার আমাদের অঙ্গীকার আসুন করে দেখায় -প্লাস্টিক বর্জ্য থার্মোকল ও অন্যান্য সামগ্রী অজৈব বর্জ্য নদীর জলে অথবা ঘাটে না ফেলে সুনিদৃষ্ট স্থানে ফেলুন ইত্যাদি। যা করব না - কোন ধরনের বর্জ্য ফেলবেন না। কোন মৃত পশুর দেহ নদীর জলে অথবা ঘাটে ফেলবেন না ইত্যাদি।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ৭৩ সংখ্যা ১৫ মার্চ, ২০২৪ শুক্রবার ০১ চৈত্র, ১৪৩০

৩ পাতার পর

## প্রত্যাশামুখী ভারতের মূল ভাবনা 'এক দেশ এক নির্বাচন-একইসঙ্গে নির্বাচন' সংক্রান্ত রিপোর্ট জমা দিল উচ্চস্তরীয় কমিটি

সিআইআই, ফিকি, অ্যাসোচেম-এর মতো শীর্ষস্থানীয় বাণিজ্যিক সংগঠনগুলি এবং প্রথিতযশা অর্থনীতিবিদদের সঙ্গেও আলোচনা করা হয় একসঙ্গে নির্বাচনের ফলে অর্থনৈতিক প্রভাব নিয়ে তাঁদের মত জানতে। তাঁরা জানান, একসঙ্গে নির্বাচন করলে অর্থনৈতিকভাবে সুবিধাই হবে কারণ, বর্তমানে যেভাবে নির্বাচন হয় তাতে মুদ্রাস্ফীতি বাড়ে, অর্থনীতি শ্লথ হয়ে পড়ে। তাঁরা কমিটিকে জানান, বারবার নির্বাচনের জন্য অর্থনৈতিক বৃদ্ধি, সরকারি ব্যয়, শিক্ষা এবং অন্যান্য ক্ষেত্রে প্রভাব পড়ার পাশাপাশি সামাজিক সম্প্রীতি বিঘ্নিত হয়।

সমস্ত পরামর্শ এবং সুপারিশ খতিয়ে দেখে কমিটি একসঙ্গে নির্বাচন করার লক্ষ্যে দুটি পদক্ষেপের সুপারিশ করেছে। প্রথম ধাপে, লোকসভা এবং রাজ্য বিধানসভাগুলির একসঙ্গে নির্বাচন। দ্বিতীয় ধাপে, পুরসভা এবং পঞ্চায়েতগুলির নির্বাচন করা হবে লোকসভা এবং রাজ্য বিধানসভাগুলির নির্বাচনের ১০০ দিনের মধ্যে।

কমিটি আরও সুপারিশ করেছে যে তিনটি স্তরের নির্বাচনের জন্যই একটিমাত্র ভোটার তালিকা এবং সচিত্র পরিচয়পত্র থাকবে। একসঙ্গে নির্বাচন করার পদ্ধতি খুঁজতে এবং সংবিধানকে মাথায় রেখে কমিটি ভারতের সংবিধানের মূল সূরটি বজায় রেখে ন্যূনতম সংশোধনের সুপারিশ করেছে।

সর্বস্তরে আলোচনার পর কমিটি মনে করে যে তার সুপারিশ স্বচ্ছতা, অন্তর্ভুক্তি, ভোটদাতাদের স্বাচ্ছন্দ্য ও আস্থা বৃদ্ধি করবে। একসঙ্গে নির্বাচন করার জন্য এই অভূতপূর্ব সমর্থন উন্নয়ন প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে, সামাজিক বন্ধন ও গণতন্ত্রের ভিত্তিকে দৃঢ় করবে এবং ইন্ডিয়া তথা ভারতের প্রত্যাশা পূরণ হবে।

## সম্পাদকীয়

### তথ্য ও সম্প্রচার মন্ত্রক ওটিটি ফ্ল্যাটফর্মে অশ্লীল বিষয়ের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে

তথ্য ও সম্প্রচার মন্ত্রক অশ্লীল এবং কিছু ক্ষেত্রে যৌনতা-সর্বস্ব বিষয় সম্প্রচারকারী ১৮টি ওটিটি ফ্ল্যাটফর্মের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। ১৯টি ওয়েবসাইট, ১০টি অ্যাপস (গুগল প্লে স্টোরের ৭টি, অ্যাপল অ্যাপ স্টোরের ৩টি) এবং ৫৭টি সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট যেগুলি এই প্ল্যাটফর্মের সঙ্গে যুক্ত তাদের ভারতে নিষ্ক্রিয় করে দেওয়া হয়েছে। তথ্য ও সম্প্রচারমন্ত্রী শ্রী অনুরাগ সিং ঠাকুর একাধিকবার জোর দিয়েছিলেন প্ল্যাটফর্মগুলির দায়বদ্ধতার ওপর, যাতে সৃজনশীল প্রকাশের আড়ালে অশ্লীল কোন বিষয় না সম্প্রচার করা হয়। ২০২৪-এর ১২ মার্চ শ্রী ঠাকুর এই ধরনের ১৮টি ওটিটি প্ল্যাটফর্ম বন্ধ করে দেওয়ার কথা ঘোষণা করেছেন। ভারত সরকারের অন্যান্য মন্ত্রক এবং দপ্তরের সঙ্গে আলোচনার পর তথ্য প্রযুক্তি আইন ২০০০-এর অধীনে সাম্প্রতিক সিদ্ধান্তটি নেওয়া হয়েছে। এর জন্য সংবাদমাধ্যম, বিনোদন, নারী অধিকার এবং শিশু অধিকার বিষয়ক বিশেষজ্ঞদের পরামর্শও নেওয়া হয়েছে। এই সব প্ল্যাটফর্মগুলিতে যে সম্প্রচার করা হতো তার অধিকাংশই অশ্লীল এবং মহিলাদের এমন ভাবে চিত্রিত করা হতো যা মর্যাদাহানিকর। একাধিক অনুপযুক্ত সম্পর্ক যেমন - শিক্ষক ও ছাত্র, অবৈধ পারিবারিক সম্পর্ক ইত্যাদি ক্ষেত্রে নগ্নতা এবং যৌনতার বিষয়গুলির ওপর গুরুত্ব দেওয়া হতো। অপ্রাসঙ্গিক ভাবে এবং বিনা কারণেই যৌনতা প্রদর্শিত হতো। এই সব ওটিটি প্ল্যাটফর্মগুলি ভারতীয় দণ্ডবিধির ২৯২ ধারা, মহিলাদের কুরুচিকরভাবে উপস্থাপন প্রতিরোধী আইন ১৯৮৬ এবং তথ্য প্রযুক্তি আইনের ৬৭ এবং ৬৭এ ধারা লঙ্ঘন করেছে বলে স্থির করা হয়। একটি ওটিটি অ্যাপ ১ কোটি বার ডাউনলোড করা হয়েছে। অন্য আরও দুটি অ্যাপ ৫০ লক্ষের বেশি ডাউনলোড করা হয়েছে গুগল প্লে স্টোর থেকে। এছাড়া এই ওটিটি প্ল্যাটফর্মগুলি সোশ্যাল মিডিয়ায় বহুল ব্যবহার করে ট্রেইলার, নির্দিষ্ট কিছু দৃশ্য এবং এক্সটার্নাল লিঙ্ক ছড়িয়েছে তাদের ওয়েবসাইট এবং অ্যাপগুলির প্রতি দর্শক টানতে। আলোচ্য ওটিটি প্ল্যাটফর্মগুলির সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টগুলির মোট গ্রাহক সংখ্যা ৩২ লক্ষের বেশি। তথ্য ও সম্প্রচার মন্ত্রক নিয়মিত এই বিষয়ে সচেতন করার প্রয়াস চালু রাখে। বৈঠক, ওয়েবিনার, কর্মশালা ইত্যাদির মাধ্যমে ওটিটি প্ল্যাটফর্মগুলি এবং ২০২১-এর তথ্য প্রযুক্তি বিধি অনুযায়ী গঠিত তাদের স্বনিয়ন্ত্রক সংস্থাগুলিকে পরামর্শ দেওয়া হয়। ভারত সরকার ওটিটি শিল্পের বৃদ্ধি এবং উন্নয়নে দায়বদ্ধ। এই বিষয়ে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে। ভারতের ৫৪তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে ওয়েব সিরিজের জন্য ওটিটি পুরস্কার দেওয়ার সূচনা হয়েছে এবং নিয়ন্ত্রণের কাঠামো তৈরি করতে জোর দেওয়া হয়েছে ২০২১-এর তথ্য প্রযুক্তি বিধিতে স্বনিয়ন্ত্রণের ওপর।

## সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও



-: মৃত্যুঞ্জয় সরদার :-

'নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে' (শ্রীমদ্ভগবদ্গীতা-৪/৩৯) অর্থাৎ 'জ্ঞানের মতো পবিত্র আর কিছু নেই'। আমরাও যেন সে গুণের অধিকারী হতে পারি এ আমাদের প্রার্থনা।

হংসঃ জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর বাহন শ্বেতহংস। হাঁস অসারকে ফেলে সার গ্রহণ করে। দুধ ও জল মিশ্রণ করে দিলে হাঁস জল ফেলে শুধু দুধটুকু গ্রহণ করে নেয়। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# উৎসব বা পূজা পার্বণের সময়ক্ষণ নির্ধারিত হয় ঋতুর সঙ্গে সমন্বয় রেখে



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

রামচন্দ্রের অকালবোধনের যে উল্লেখ পাওয়া যায় কৃত্তিবাসের রামায়ণে, সেখানেও রামচন্দ্র সন্ধিপূজা সমাপন কালে দেবীর চরণে ১০৮ পদ্ম নিবেদন করার আশায় হনুমানকে দেবীদহ থেকে ১০৮টি পদ্মফুল তুলে আনতে বলেন। হনুমান ১০৭টি পদ্ম পান। দেবীদহে আর পদ্ম ছিল না। দেবীদহে একটি পদ্ম কম ছিল। তার কারণ হিসেবে কথিত আছে , দীর্ঘদিন অসুর নিধন যজ্ঞে মা দুর্গার ক্ষত বিক্ষত দেহের অসহ্য জ্বালা দেখে মহাদেব কাতর হন। মায়ের সারা শরীরে একশো আটটি স্থানে ক্ষত সৃষ্টি হয়েছিল। মহাদেব তাঁকে দেবীদহে স্নান করতে বললেন সেই জ্বালা জুড়ানোর জন্য। দেবীদহে মায়ের অবতরণে একশো সাতটি ক্ষত থেকে সৃষ্টি হয়েছিল একশো সাতটি পদ্মের। মহাদেব দুর্গার এই জ্বালা সহ্য করতে না পারায় তাঁর চোখ থেকে এক ফোঁটা অশ্রু নিক্ষিপ্ত হয় মায়ের একশো আটতম ক্ষতের ওপর। দেবীদহে স্নানকালে সেই অশ্রুসিক্ত ক্ষতটির থেকে যে পদ্মটি জন্ম নিয়েছিল সেটি মা নিজে হরণ করেছিলেন। কারণ স্বামীর অশ্রুসিক্ত পদ্মফুলটি কেমন করে তিনি চরণে নেবেন। এখানে পুজোর মূল তত্ত্ব কথা নয় ,স্বামী বিবেকানন্দ কুমারী পূজা করে দেখিয়ে দিয়েছিলেন। কুমারী মেয়েদের কে দুর্গা রূপে পূজা করা যায়।কুমারী পুজো কি? কেন বা আমরাই এই পূজাকে আজও করি ,সেই ইতিহাস আজ আমি আমার কলমে তুলে ধরে এই লেখাটি শেষ করতে চাই।আনুমানিক ৪৪৫০ বছর আগের কথা। কুরুক্ষেত্র যুদ্ধের প্রাক্কালে দুর্যোধনের সৈন্য যুদ্ধের জন্য সমরাঙ্গনে উপস্থিত হয়েছে দেখে যুদ্ধবিজয়ের উদ্দেশ্যে শ্রীকৃষ্ণ রথে বসে ভদ্রকালীর বন্দনার উপদেশ দিলেন অর্জুনকে। মহাবাহু অর্জুন যুদ্ধরথ থেকে নামলেন সমরাঙ্গনে। কৃতাঞ্জলি হয়ে বন্দনা করলেন,"সিদ্ধসেনানি! আর্য্যে! মন্দরবাসিনি! কুমারি! কালি! কাপালি! কপিলে! কৃষ্ণপিঙ্গলে! আপনাকে নমস্কার করি।।

ভদ্রকালি! আপনাকে নমস্কার, মহাকালি! আপনাকে নমস্কার, চণ্ডি! চণ্ডে! তারিণি! বরবর্ণিনি! আপনাকে নমস্কার।।"

(মহাভারতম, ভীষ্মপর্ব, ত্রয়োবিংশোহধ্যায়ঃ, পৃষ্ঠা - ১৮৫)

মহাভারতে অর্জুনের ভদ্রকালীর বন্দনার কথা যেমন আছে, তেমনই উল্লেখ আছে অর্জুনের কুমারী পুজোর কথা। সুতরাং কুমারী পুজোর প্রচলন মহাভারতীয় যুগ থেকে শুরু করে আজও ভারতের নানা প্রান্তের মঠমন্দিরে, এমনকি কামাখ্যা ও নেপালেও এই পুজো হয়ে আসছে মহাসমারোহে। এদেশে মন্দির নির্মাণ করে দেবী পার্বতীকে কুমারী মূর্তিতে পুজোর প্রচলন সম্ভবত দক্ষিণ ভারতে কন্যাকুমারীতে। কিভাবে এবং কেমন করে এর শুরু?পুরাণ, ইতিহাস, প্রাকৃতিক সৌন্দর্য আর শিল্পের ডালিভরা কন্যাকুমারী। ভারতের পর্যটন মানচিত্রে দক্ষিণের শেষ প্রান্তভূমি। কাশী শিবের বাসগৃহ, শক্তির আবাসস্থল কন্যাকুমারী। তিন সাগরের মহামিলন ঘটেছে এখানে। পূর্বে বঙ্গোপসাগর, পশ্চিমে আরব সাগর, দক্ষিণে ভারত মহাসাগর-অতলান্ত এই সাগর ত্রয়ীর তরঙ্গ সর্বদাই ধুয়ে দিচ্ছে সাগরতটে পরাশক্তি দেবী কন্যাকুমারীর চরণযুগল। সুদূর মহীশূর থেকে পশ্চিমঘাট পর্বতমালাও এসে স্নান সেরেছে কন্যাকুমারীর সাগরজলে।এমনই একটি সৌন্দর্যে মোড়া ক্ষেত্রেই একসময় পার্বতী আবির্ভূত হয়েছিলেন কুমারী মূর্তিতে। পুরাণের কাল। কঠোর কঠিন তপস্যায় প্রীত ব্রহ্মার বরে ত্রিলোক জয় করলেন বার্ণাসুর। আক্রমণ করলেন দেবলোক। শরণাগত দেবকুলের হয়ে বিষ্ণুর পরামর্শে যজ্ঞ করলেন দেবরাজ ইন্দ্র। যজ্ঞাগ্নি থেকে জন্ম হল এক কন্যার। অজেয় বার্ণাসুরকে বধ করার শক্তি রয়েছে এই কুমারী কন্যার। এ কথা জানিয়ে দিলেন ভগবান শ্রীবিষ্ণু।

জন্মের পর কুমারী কন্যা চলে গেলেন দক্ষিণের সাগরতীরে। নীলকণ্ঠ মহাদেবকে স্বামীরূপে পাওয়ার উদ্দেশ্যে বসলেন তপস্যায়। আকুল আকুতিতে সাড়া দিলেন মহাদেব।এদিকে বিবাহে বাধ সাধতে তৈরি হলেন দেবর্ষি নারদ। বিবাহ হলে কুমারী যদি না থাকেন দেবী তবে বার্ণাসুর নিধন হবে কীভাবে? দেবর্ষির মন্ত্রণায় কুমারীকন্যা মহাদেবের কাছে চাইলেন তিনটি দুর্লভ বস্তু। চক্ষুহীন নারকেল, শিরাহীন তাম্বূল আর গ্রন্থিহীন ইক্ষু। একই সঙ্গে শর্ত আরোপ করলেন, রাত্রিকালেই বিবাহ করতে হবে। সূর্যোদয় হলে তিনি অরক্ষণীয় হয়ে থাকবেন। অসাধ্য সাধন করে যথাসময় কন্যার প্রার্থিত বস্তুগুলি সংগ্রহ করলেন মহাদেব। বিবাহের উদ্দেশ্যে নির্দিষ্ট দিনে যাত্রা করলেন সাঙ্গোপাঙ্গ নিয়ে। কন্যাকুমারী থেকে অল্প দূরত্বেই শুচিন্দ্রম। দেবর্ষি নারদ বিভ্রান্ত করলেন মহাদেবকে। মহাদেবের চলার পথে গভীর রাতেই ডাকলেন মোরগের ডাক। বিষণ্ণ মনে দাঁড়িয়ে গেলেন মহাদেব শুচিন্দ্রমে। ভাবলেন ভোর হয়ে গিয়েছে। আর অগ্রসর হলেন না। মহাদেব রয়ে গেলেন শুচিন্দ্রমে।এদিকে দেবী কুমারীর আকুল প্রতীক্ষার অবসান হল সূর্যোদয়ে। সাগরের ঢেউ ভাসিয়ে নিয়ে গেল বিবাহের সমস্ত উপচার। নারদের ইচ্ছা পূরণ হল বিষ্ণুর করুণায়। যথাসময়ে বার্ণাসুরকে বধ করলেন দেবী কুমারী। দেবী বার্ণাসুরের অন্তিম প্রার্থনায় তাঁর দেহরক্ষার স্থানটিকে বাণতীর্থ নামে প্রচারিত করলেন তিনলোকে। সে তীর্থ আজও আছে এখানকার সাগরতীরে। এ সব কথা ও কাহিনি স্কন্দপুরাণের অন্তর্গত কুমারিকাখণ্ডের। এ কথাই দেবীর আবির্ভাব কথা।কুমারী পুজো মূলত সাত্ত্বিক পুজোর অঙ্গবিশেষ। এক থেকে ষোলো বছর বয়স পর্যন্ত অবিবাহিতা কন্যা এবং ঋতুমতী না হওয়া কুমারীই প্রধানত এই পুজোর যোগ্য।কুমারী পুজোয় বিভিন্ন বয়েসের কন্যাকে পুজো করা হয় বিভিন্ন নামে। এই পুজো দুর্গাসপ্তমী অষ্টমী ও নবমী তিথিতে কুমারী বালিকাকে পুজো করা হয় দেবী জ্ঞানে।তান্ত্রিক মতবাদের প্রতিফলন বলে সমস্ত শক্তিপীঠেই কুমারী পুজো করা হয়। তবে দেবীতীর্থ কামাখ্যাতে তীর্থযাত্রীরা প্রতিদিনই কুমারী পুজো করে থাকেন। বৃহদ্ধর্ম পুরাণের কথায়, দেবী অম্বিকা কুমারী কন্যারূপে আবির্ভূত হয়েছিলেন দেবতাদের সামনে, নির্দেশ দিয়েছিলেন বেলগাছে দেবীর বোধন করতে। দেবীকে কুমারী নামে অভিহিত করা হয়েছে তৈত্তিরীয় আরণ্যকে। একমাত্র কন্যাকুমারীর মন্দিরে দেবীনামের ঐতিহ্য বহন করছে কুমারী প্রতিমার পুজো করে।সর্বত্র ও সমস্ত শক্তিপীঠে কুমারী পুজোর ফল অশেষ। যেকোনও জাতির কুমারী পুজো করায় বাধা নেই। তন্ত্রের কথায়, কুমারী পুজোয় জাতিভেদ বিচার করা উচিত নয়। মানুষ নরকগামী হয় জাতিভেদ করলে।জাগতিক সমস্ত দুঃখ দারিদ্র ও শত্রুনাশ এবং শক্তিপ্রাপ্তির জন্য কুমারী পুজো সর্বোত্তম। কুমারী পুজোর ফলে অপ্রাপ্ত কামনাও পূরণ করেন দেবতারা। আর্থিক অবস্থা অনুসারে এক বা একাধিক কুমারী পুজো করা যায়। তবে এক কন্যা পুজোয় যে ফল, একাধিক কুমারী পুজোয় ফলের কোনও তারতম্য নেই।তন্ত্রশাস্ত্রে বলা হয়েছে, কুমারী পুজো করলে স্বয়ং ভগবতী প্রসন্ন হন। যেখানে কুমারী পুজো হয়, সেখানেই ভগবতীর নিবাস। কুমারীকে ভোজন করালে দেবী কুমারীরূপে অবতীর্ণ ও আনন্দিত হন। সেইজন্য কুমারী কন্যাকে মান্য করা হয় ভগবতীরূপে। যে কন্যারূপী দেবীকে পুজোর শেষে নৈবেদ্য ও ভোজনে তৃপ্ত করে, সে ত্রিলোক তৃপ্ত করে।কুমারী পুজোর সময় বয়সানুসারে কুমারীর নামকরণের নানারীতি প্রচলিত আছে। যেমন, এক বছরের কন্যা সন্ধ্যা, দু-বছরের সরস্বতী, তিন বছরে বর্ষা বা ত্রিধামূর্তি, চার বছরে কালিকা, পাঁচ বছরে সুভগা, ছ-বছরে উমা, সাত বছরে মালিনী, আট বছরে কুঞ্জিকা মতান্তরে কুবিজবন, ন-বছরে কালসন্দর্ভা মতান্তরে কালসন্ধ্যা, দশ বছরে অপরাজিতা, এগারো-বছরে রুদ্রাণী, বারো বছরে ভৈরবী, তেরো বছরে মহালক্ষ্মী, চোদ্দবছরে পাঠ-নায়িকা, পনেরোয় ক্ষেত্রজ্ঞা, ষোলো বছরে কুমারী অভিহিত হয় অম্বিকা নামে। ঋতুমতী না হওয়া পর্যন্ত এই নামে পূজিত হবে কুমারী কন্যা।


কুমারী পুজো একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে তন্ত্রশাস্ত্রে। দুর্গার রূপ ধরে নিয়েই পুজো করা হয় কুমারীকে। কুমারীকে স্নান করিয়ে পরানো হয় নতুন বস্ত্র, নানা আভরণ। সাজানো হয় ফুলের মালা ও মুকুট দিয়ে। পায়ে আলতা পরিয়ে কপালে দেয়া হয় কুমকুমের টিপ। কুমারীকে রাখা হয় অভুক্ত অবস্থায়। আসনে এমনভাবে বসানো হয় যাতে তার কোনও কষ্ট না হয়ে আনন্দলাভ করে। এবার অত্যন্ত যত্নের সঙ্গে সামনে বসিয়ে কুমারীকে পুজো করা হয় দেবীজ্ঞানে। এ পুজো হয় নিজ অধিকার ও সামর্থ্য অনুসারে বিধি ও রীতি মেনে।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## ঋতাভরীকে ঝুলি ভর্তি উপহার পাঠালেন দীপিকা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মা হতে চলেছেন বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। আনুষ্ঠানিক ঘোষণার পর স্বামী রণবীর সিংকে সঙ্গে নিয়ে উড়ে যান গুজরাটের জামনগরে। সেখানে অনন্ত আম্বানী- রাধিকা মার্চেন্টের প্রাক-বিবাহ অনুষ্ঠানে চুটিয়ে মজা করেন কয়েক দিন। কিন্তু, মুম্বাইয়ে ফিরতে না ফিরতেই ব্যাগ ভর্তি উপহার পাঠালেন ঋতাভরী চক্রবর্তীকে। অভিনেত্রী সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায় সেই উপহারের ছবি পোস্ট করে ধন্যবাদও জানিয়েছেন।

টলিউডের পাশপাশি বলিউডেও রীতিমতো যোগাযোগ রয়েছে ঋতাভরীর। গত কয়েক বছরে বেশ কিছু কাজও করেছেন সেখানে। তিনি টলিপাড়ার একমাত্র অভিনেত্রী, যিনি শাহরুখ খান, সালমান খানের সঙ্গেই ডাক পান বাবা সিদ্দিকির তারকাখচিত ইফতার পার্টিতে।

এবার নারী দিবসে ঋতাভরীর জন্য একগুচ্ছ উপহার পাঠালেন দীপিকা।

কিন্তু কীভাবে হল ঋতাভরী-দীপিকার বন্ধুত্ব? এ বিষয়ে ঋতাভরী বলেন, "আমাদের আসলে বন্ধুত্ব নেই। আমার সঙ্গে একবারই দেখা হয়েছিল দীপিকার। তা-ও আবার ২০১৮ সালে পরিচালক-প্রযোজক দীনেশ বিজনের বিয়েতে। একবারই তখন কথা হয়। তারপর শুক্রবার এমন একটা উপহার পেয়ে ভীষণ খুশি।"

তবে ঋতাভরী দীপিকার এমন সৌজন্য দেখে অনেক কিছু শিখলেন বলেই জানান। খানিকটা খাতায় লিখে রাখার মতোও নাকি বিষয়টা। ঋতাভরীর কথায়, "আসলে দীপিকার প্রসাধনী সংস্থা নারী দিবস উপলক্ষে এমন কিছু নারীকে উপহার পাঠাতে চায়, যারা স্ব-ক্ষেত্রে ভাল কাজ করেছেন। সেই উদ্দশ্যেই আমার সঙ্গে যোগাযোগ করেন তারা। প্রথমে আমি ভেবেছিলাম, হয়তো আমার স্টোরিতে তার প্রসাধনীর বিজ্ঞাপনের জন্য কিছু লিখতে হবে। তবে তেমন কিছুই না। আমি নিজেই স্টোরিতে পোস্টটা দিই। আমি ভীষণ খুশি। পাশপাশি এটাও মনে হচ্ছে, দীপিকার মতো এমন একজন তারকাও নতুন প্রজন্মের জন্য ভাবছেন ও তাদের উৎসাহিত করছেন। আসলে অন্য যে সব তারকার এমন প্রসাধনী ব্র্যান্ড রয়েছে, তারা হালকা করে এ কথা ছুঁয়ে যান, যাতে তাদের প্রচারটা হয়। দীপিকা একেবারেই সে রকম নন। আমি এটাই শিখলাম তার কাছ থেকে যে, সব কিছু জীবনে নিজের লাভের জন্য নয়, অন্যদের উৎসাহ দেওয়াটাই বিশালতার লক্ষণ।"

অনেকেরই কৌতূহল, বলিউডের 'মাস্তানি' কী পাঠালেন ঋতাভরীকে? নিজস্ব প্রসাধনী ব্যান্ড '৮২° ইস্ট'-এর বেশ কয়েকটি প্রসাধনী পাঠিয়েছেন দীপিকা। এছাড়াও রয়েছে সুগন্ধি মোম ও বাথরোব।

## অক্ষয়কে যেভাবে বোকা বানালেন টাইগার!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এমনিতে প্যাঙ্কস্টার বলে 'বড় মিঞা' অক্ষয় কুমারের খ্যাতি বেশি। তবেওছোট মিঞা টাইগার শ্রফও যে কোনো অংশে কম নয়। অক্ষয়কে বোকা বানানোর ভিডিও সামাজিক মাধ্যমে নিজেই পোস্ট করলেন। ভিডিওতে সুইমিং পুলের পাশে অক্ষয়কে বসে থাকতে দেখা যায়। তাকে এসে টাইগার সাঁতার রেসের প্রস্তাব দেন। এমন চ্যালেঞ্জ উপেক্ষা করার পাত্র বলিউডের 'খিলাড়ি' নন। সরল বিশ্বাসেই চ্যালেঞ্জ নিয়ে পুলে ঝাঁপ দেন তিনি।

এদিকে টাইগার শ্রফ ছিলেন এই সুযোগের অপেক্ষায়। অক্ষয় পুলের ভেতরে যেতেই তিনি পুলের পাশ দিয়ে দৌড়ে অন্যপ্রান্তে চলে যান। তার পর সেখান থেকে পানিতে নেমে এমন ভাব দেখান যেন জয় তারই হয়েছে।

এর আগে অবশ্য শুটিংয়ের দরজা বন্ধ রেখে টাইগারকে বোকা বানিয়েছিলেন অক্ষয়। তাই এই ভিডিও শেয়ার করে টাইগার লেখেন, 'হিসাব সমান হয়ে গেল 'বড়'।' জুনিয়রের কথার উত্তর দিয়েই আবার অক্ষয় লেখেন, 'হিসাব সমান হলো না 'ছোট', তা এভাবেই চলতে থাকবে।'

উল্লেখ্য, নিজেদের আসন্ন ছবি 'বড় মিঞা ছোট মিঞা'র প্রচারের তাগিদেই অক্ষয়-টাইগারের এই খুনসুটি।

## অস্কার জিতল 'ওপেনহাইমার', সেরা অভিনেতা মারফি, অভিনেত্রী এমা স্টোন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৯৬ তম অস্কার আসরের সেরা সিনেমা হিসেবে 'ওপেনহাইমার'-এর নাম ঘোষণা করা হয়েছে। 'পারমাণবিক বোমার জনক' জে রবার্ট 'ওপেনহাইমারকে নিয়ে তৈরি হয়েছে এই ছবি। তবে এটি বায়োপিক নয়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পটভূমিতে তৈরি।

'ওপেনহাইমার' নির্মাণের জন্য সেরা চলচ্চিত্র নির্মাতার পুরস্কারও পেয়েছেন ক্রিস্টোফার নোলান।

এছাড়াও ৯৬ তম অস্কার আসরে সেরা অভিনেতার পুরস্কার উঠেছে কিলিয়ান মারফির হাতে। 'ওপেনহাইমার' ছবির জন্য এই পুরস্কার জিতেছেন তিনি। এটি তার প্রথম অস্কার এবং তিনিই প্রথম আইরিশ অভিনেতা যিনি এই পুরস্কার জিতেছেন।

৯৬ তম অস্কার আসরে সেরা অভিনেত্রীর পুরস্কার উঠেছে এমা স্টোনের হাতে। 'পুওর থিংস' ছবির জন্য এই পুরস্কার জিতেছেন তিনি। এটি তার দ্বিতীয় অস্কার।

'পুওর থিংস' সিনেমাতে একজন ব্রিটিশ মহিলার চরিত্রে অভিনয় করেছেন এমা যিনি একটি শিশুর মস্তিষ্ক প্রতিস্থাপনের পরে পুনর্জীবিত হয়েছেন

এমা স্টোন ছাড়াও সেরা অভিনেত্রী বিভাগে মনোনয়ন পেয়েছেন অ্যানেট বেনিং (নায়াড), লিলি গ্ল্যাডস্টন (কিলারস অব দ্য ফ্লাওয়ার মুন), সান্দ্রা হলার (অ্যানাটমি অব আ ফল) এবং কেরি ম্যালিগান (মায়েস্ত্রো)।

বাংলাদেশের স্থানীয় সময় আজ সোমবার ভোরে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলসের ডলবি থিয়েটারে জমকালো আয়োজনে অস্কারের ৯৬তম আসরে পুরস্কার ঘোষণা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সঞ্চালক জিমি কিমেল।



## আম্বানিপুত্রকে কী উপহার দিলেন সালমান, দীপিকা, শাহরুখরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আম্বানিদের মতো ধনকুবেরের বাড়িতে বিয়ে খেতে খালি হাতে যাননি বলিউড তারকারা। কাজের ব্যস্ততা যতোই থাক, আম্বানি ডাকলে কেউ না করেন না। অনন্ত আম্বানি ও রাধিকা মার্চেন্টের প্রাক্-বিবাহ উদ্‌যাপনেও বলিউডের প্রায় সকলেই উপস্থিত ছিলেন। তারা যে শুধু নিমন্ত্রণ রক্ষা করলেন তাই নয় নাচেগানে মাতিয়ে রাখলেন তিন দিনের উৎসব। সঙ্গে অনন্ত আর রাধিকার জন্য আনলেন অনেক উপহার।

শুধু আমন্ত্রিতও ছিলেন না আম্বানিদের অনুষ্ঠানে নেচেছেন সালমান খান। সঙ্গে অবশ্য বলিউডের অন্য দুই খান শাহরুখ এবং আমিরও ছিলেন। সালমান অনন্তকে উপহার দিয়েছেন দামি ঘড়ি। এবং রাধিকার জন্য এনেছিলেন একজড়ো হীরার কানের দুল। নাচের জন্য আম্বানিদের থেকে পারিশ্রমিক নিয়েছেন শাহরুখ। কিন্তু অনন্ত-রাধিকাকেও হাত খুলে উপহার দিয়েছেন। সূত্রের খবর, শাহরুখ নাকি হবু দম্পতিকে একটা মার্সিডিজ় দিয়েছেন। আম্বানিদের আমন্ত্রিত অতিথিদের তালিকায় ছিলেন সিদ্ধার্থ মলহোত্রা এবং কিয়ার আদভাণীও। সিড-কিয়ারা অনন্ত এবং রাধিকাকে দিয়েছেন সোনা এবং হীরা দিয়ে বাঁধানো গনেশ এবং লক্ষ্মীর মূর্তি। হবু বাবা-মা রণবীর সিং এবং দীপিকা পাড়ুকোনও নেচেছেন। রণবীর-দীপিকা হবু দম্পতিকে উপহার দিয়েছেন হিরে দিয়ে বাঁধানো ঘড়ি।

## নারী হিসেবে নিজের অভিজ্ঞতা জানালেন ঋতুপর্ণা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টলিউড অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত। সংসার এবং অভিনয় দুই ক্ষেত্রেই একা যুদ্ধ চালিয়ে যাচ্ছেন, এতেই নাকি তার আনন্দ। একজন নারী শুধু ঘরের কাজই নয়, তাকে আরো অনেক দায়িত্ব পালন করতে হয়। নারী দিবসে সমাজ সংসারে নারীদের সেই অবদান ও নারী হিসেবে নিজের অভিজ্ঞতা জানালেন অভিনেত্রী। অভিনেত্রী বলেন, কোনো রকম ভণিতা না করেই বলতে পারি মেয়েরা অনেকগুলো বিষয় একসঙ্গে সামলাতে পারে। ছেলেরা পারে না তা নয়। তবে মেয়েরা এ ক্ষেত্রে একটু এগিয়ে। আমার দাদিকে দেখেছি, রান্নাঘর থেকে বাইরের জগৎ-একা হাতে সামলাতে। আমি তো ওর হাতেই মানুষ। বাড়িতে তখন আত্মীয়স্বজনের আনাগোনা, ঠাকুমা ঢালাও বিছানা করে এক হাঁড়িতে তাদের যেমন খাওয়াত, তেমনি স্নিকার্স পরে পিঠে ব্যাগ নিয়ে বেড়াতে যেত। স্নাতক স্তরের পড়াশোনাও ছিল না তার। কিন্তু আমার মনে হয় মেয়ে হিসেবে এমন সহজাত ক্ষমতা ছিল যে একসঙ্গে অনেক দায়িত্ব নিতে পারত। এই ক্ষমতা কিন্তু সময় বা পরিস্থিতির জন্য তৈরি হয় না। ভেতরেই থাকে। আমি কখন আঁকার স্কুলে যাব, কখন পড়ব সব নখদর্পণে। ভোর ৬টায় আমায় ডেকে দিয়ে বলত, "ওঠ! কখন পড়বি, ন'টা তো বেজে গেল।'

শুধু কি আমি? মেয়েদের অর্থনৈতিক স্বাধীনতার জায়গা তৈরি করার ক্ষেত্রেও দাদি সজাগ ছিলেন। আমার ফুফুরা সেই ভাবে মানুষ হয়েছিল। এক ফুফু ব্যাংকে কাজ করেছে, আর এক জন শান্তিনিকেতনে বাটিক শিখেছে। অন্য জন অংক নিয়ে পড়াশোনা করেছে।

ঋতুপর্ণা সেনগুপ্ত বলেন, আমার মা বিয়ের পরে ওই একভাবেই হঠাৎ ২০ জন আত্মীয় চলে এলে, তাদের হাসিমুখে আপ্যায়ন করেছেন। তবে মেয়েদের নিজের সম্পর্কে সম্যক ধারণা থাকা জরুরি। আমি যদি অসহায়, দুর্বল হিসেবে সকলের সামনে নিজেকে জাহির করি, লোকেও ওই চোখেই আমাকে দেখবে। তখন আমাকে ঘিরে তুচ্ছতাচ্ছিল্যের পরিবেশ তৈরি হবে। আমার ভালো লাগা, ইচ্ছা সব আমাকেই দেখতে হবে। না হলে তো কিছুই করা যাবে না।

কারো কিচ্ছু এসে-যায় না। সময়ে এক এক করে প্রিয়জন হারিয়ে যাবে। মানুষ আরও বিচ্ছিন্ন হবে। কিন্তু এ নিয়ে যদি সারাক্ষণ মনখারাপ করি তাহলে নিজেই নিজের বিপদ ডেকে আনব। এই তো সকাল থেকে কাজ শুরু হয়ে গিয়েছে। অন্য দিকে আমার শাশুড়ি হাসপাতালে। তার সব দায়িত্ব আমার। মেয়ের খবর রাখা। ছেলেকে ফোন করা। সংসারের নানা কাজ... সবই চলছে।

এখন সবাই জোরে দৌড়চ্ছে। আবেগের কোনো দাম নেই। আগে আমার ইচ্ছা-অনিচ্ছা নিয়ে ভাবতে একশো জন হাজির হয়ে যেত। এখন লোকে ফোনে পরামর্শ দিয়ে চলে যাবে। উল্টে বলবে 'ওর মধ্যে সারাক্ষণ হতাশা'। এড়িয়ে যাবে। নিজেকে করুণার পাত্র যেন কোনো মেয়ে তৈরি না করে।

আমি এখন মর্যাদা নিয়ে খুব ভাবি। মানুষের কাছে সব কিছু থাকলেও সে মর্যাদাহীন হলে বিপদ। আমি মাটিতে পড়লে নিজেকেই নিজে উঠিয়ে নিয়ে চলি। সংসার আর কাজ দুটোতেই বিশ্বাস করি। ইন্ডাস্ট্রিতেও দীর্ঘ দিন ধরে একা যুদ্ধ করছি। বড় প্রযোজনা সংস্থারা যে আমার সঙ্গে আছে, এমনও নয়। আমি নিজেই নিজের জায়গা তৈরি করেছি। নতুনদের সুযোগ দিয়েছি। আমি আমার সবটা দিয়ে কাজ করি। কান্না মুছে হাসি ফিরিয়ে আনি। আমি বৃদ্ধি করতে না পারি, সৃষ্টি তো করি...না হলে থমকে যাব!

# অ্যান্ডারসনের এই রেকর্ড ভাঙতে পারবে কেউ?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এ যেন হিমালয়ের পাশে হিমালয়ে চড়া! পেস বোলারের জন্য ৭০০ টেস্ট উইকেট তো সর্বোচ্চ চূড়ায় আরোহণের মতোই বিষয়। সেই অনন্য সাধারণ অর্জনের সাক্ষী হয়ে রইল ধর্মশালা। হিমালয়ের কোলঘেঁষা এই স্টেডিয়ামে ক্রিকেট ইতিহাসের প্রথম পেস বোলার হিসেবে ৭০০ উইকেটের মাইলফলক স্পর্শ করেছেন জেমস অ্যান্ডারসন। ইংলিশ এ পেসারের সামনে এখন আছেন শুধু দুই কিংবদন্তি স্পিনার মুত্তিয়া মুরালিধরন (৮০০) ও শেন ওয়ার্ন (৭০৮)।

ধর্মশালায় ইংল্যান্ড হারছে, সেটা দ্বিতীয় দিন শেষেই পরিষ্কার হয়ে গিয়েছিল। গতকাল চা-বিরতির আগেই ইনিংস ও ৬৪ রানের জয়ের আনুষ্ঠানিকতা সারে ভারত। ৪-১ ব্যবধানে সিরিজ জিতেছে স্বাগতিকরা। তবে ফলাফলের চেয়ে অনেকের আগ্রহ বেশি ছিল অ্যান্ডারসনের মাইলফলক নিয়ে। খুব একটা অপেক্ষা করতে হয়নি। গতকাল সকালে চতুর্থ ওভারে অফস্টাম্পের অনেক বাইরের বল তাড়া করতে গিয়ে উইকেটকিপারের হাতে ক্যাচ দেন কুলদীপ যাদব। সঙ্গে সঙ্গে মাইলফলক ছোঁয়ার আনন্দে এক হাত উঁচিয়ে চিরচেনা ভঙ্গিতে উদযাপন করেন অ্যান্ডারসন। সতীর্থরাও তাঁকে ঘিরে আনন্দে মাতেন। এরপর বল উঁচিয়ে গ্যালারির দিকে ধরেন অ্যান্ডারসন, যেখানে ছেলের কীর্তি দেখতে বসেছিলেন তাঁর বাবা-মা।

২০০৩ সালে টেস্ট অভিষেক হয়েছিল 'জিমি' নামে পরিচিত এ পেসারের। তখন জন্মও হয়নি এ সিরিজে ইংল্যান্ডের হয়ে খেলা শোয়েব বশির কিংবা রেহান আহমেদের। এখন এই কিশোরদের সঙ্গে দাপট নিয়েই খেলছেন ৪১ বছর বয়সী অ্যান্ডারসন। ২১ বছরের বেশি সময় ধরে একজন পেস বোলারের পক্ষে টেস্ট খেলে যাওয়া অবিশ্বাস্য ঘটনাই বটে। পর্যাপ্ত বিশ্রাম ও রোটেশন পদ্ধতির কারণেই লম্বা সময় ধরে খেলতে পারছেন তিনি। তাঁর চেয়ে বেশি টেস্ট খেলেছেন শুধু একজন। শচীন টেন্ডুলকার ২০০ টেস্ট খেলে শীর্ষে আছেন।

# সেল্টা ভিগোকে গুঁড়িয়ে দিল রিয়াল




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লা লিগার ম্যাচে সান্তিয়াগো বার্নাব্যুতে সেল্টা ভিগোকে ৪-০ ব্যবধানে হারিয়েছে রিয়াল মাদ্রিদ। প্রথমার্ধে দলকে এগিয়ে নেন ভিনিসিয়ুস জুনিয়র। বিরতির পর নয় মিনিটের মধ্যে দুইটি আত্মঘাতী গোল করেন ভিসেন্ত গুয়েতা ও কার্লোস ডমিঙ্গেস। সেল্টার জালে শেষ বলটি পাঠান আর্দা গুলের।

ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক থাকা রিয়াল এগিয়ে যেতে সময় নেয়নি খুব বেশি। ২১তম মিনিটে দলকে এগিয়ে নেন ভিনিসিয়ুস। জটলার মধ্যে আন্টোনিও রুডিগারের হেড ঠিকঠাক নিয়ন্ত্রণে নিতে পারেননি সেল্টা গোলরক্ষক। সুযোগ পেয়ে ছয় গজ দূরের শটে জাল খুঁজে নেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। গোল করেও থামেনি লস ব্লাঙ্কোসরা। একের পর এক আক্রমণ করলেও অবশ্য প্রথমার্ধে আর গোল হয়নি। বিরতির পর একই ধারায় খেলতে থাকে রিয়াল। যদিও গোল পেতে অপেক্ষা করতে হয়েছে লম্বা সময়। ৭৯তম মিনিটে কর্ণার থেকে উড়ে আসা বল রুডিগার হেডে ক্রসবারে লাগে। সেখান থেকে বল গড়াতে গড়াতে সেল্টা গোলরক্ষকের পিঠে লেগে জালে জড়ায়। ৮৮তম মিনিটে আরও একটি গোল উপহার পায় রিয়াল। ভিনিসিয়ুসের বাঁকানো শট নিয়ন্ত্রণে নিতে পারেননি ডমিঙ্গেস। তার পেয়ে লেগে বল চলে যায় জালে। যোগ করা সময় স্কোরলাইন ৪-০ করেন আর্দা গুলের। দানি সেবায়োসের থ্রু বল বক্সে পেয়ে দারুণ শটে জাল খুঁজে নেন তুর্কি এই ফুটবলার। আগের ম্যাচে ভালেন্সিয়ার সঙ্গে ড্র করা রিয়াল অবশেষে ফিরল জয়ে। ৬৯ পয়েন্ট নিয়ে রয়েছে টেবিলের শীর্ষেও। ৬২ পয়েন্ট নিয়ে দুইয়ে জিরোনা। তিনে থাকা বার্সার পয়েন্ট ৬১।

## অবসর নিয়ে যা বললেন
# রোহিত শর্মা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঘরের মাঠে ইংল্যান্ডের বিপক্ষে সিরিজে নেই বিরাট কোহলি। এক ঝাঁক তরুণের দলটি প্রথম টেস্টেই হেরে গেলে বেশ হাসাহাসিও হয়েছিল। কিন্তু পরের চার টেস্টেই ইংল্যান্ডের বাজবলকে ধুলায় মিলিয়ে দিয়েছে রোহিত শর্মার ভারত। সাম্প্রতিক বছরগুলোতে তারা দুটি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ও ওয়ানডে বিশ্বকাপের একটি ফাইনাল খেললেও হতাশা নিয়ে ফিরতে হয়েছে। তবে এশিয়া কাপ ও পরবর্তী দ্বিপাক্ষিক সিরিজগুলোতে দলীয় পারফরম্যান্সে উজ্জ্বল রোহিতের দল। এরই মাঝে উঠল ভারত অধিনায়কের অবসর প্রসঙ্গ। যা নিয়ে খোলামেলা কথা বলেছেন রোহিত।

ইংল্যান্ডকে ৪-১ ব্যবধানে সিরিজ হারিয়ে ঘরের মাঠে অপ্রতিরোধ্য ভারত জয়ের ধারা ধরে রেখেছে। অনভিজ্ঞ ব্যাটিং লাইনআপ নিয়েই ভারত যেভাবে আধিপত্য দেখিয়েছে তার প্রশংসায় পঞ্চমুখ সবাই। ব্যাট হাতে ভালো পারফরম্যান্সে দলকে সামনে থেকেই নেতৃত্ব দিয়েছেন অধিনায়ক রোহিত শর্মা। তবে সাফল্যে মোড়ানো সিরিজ শেষ হতে না হতেই ভারত অধিনায়কের অবসর নিয়ে প্রশ্ন ওঠা শুরু হয়ে গেছে। আর কতদিন ভারতের জার্সিতে দেখা যাবে রোহিতকে?

বয়স ৩৬ হলেও রান করায় থেমে নেই রোহিত। ভারতের মাটিতে ওয়ানডে বিশ্বকাপে ছিলেন সের রান সংগ্রাহকের তালিকায়। ইংল্যান্ড সিরিজেও পেয়েছেন রান। ভারতীয় চ্যানেল জিও সিনেমাকে রোহিত বলেন, 'একদিন, যখন আমি জেগে উঠব এবং বুঝতে পারব যে আমি আমার ভালো ফর্মে নেই, আমি আমার সেরাটা দিতে পারব না, আমি তখন অবিলম্বে অবসর নিয়ে নেব। কিন্তু গত কয়েক বছরে, আমি আমার জীবনের সেরা ক্রিকেট খেলছি।'

ইংল্যান্ড সিরিজে বিরাট কোহলির মতো রান মেশিনের অনুপস্থিতি বুঝতেই দেননি যশস্বী জয়সওয়াল, শুভমান গিলরা। দলের এমন পারফরম্যান্সের পর রোহিত বলেন, 'আপনি যখন এই ধরনের একটি টেস্ট সিরিজ জেতেন, তখন মনে হয় আপনার সবকিছুই ঠিকঠাক কাজ করছে। এই সিরিজে খেলা ছেলেদের হয়তো অভিজ্ঞতার অভাব রয়েছে, তবে তারা অনেক ক্রিকেট খেলেছে এবং আমি এখানে দাঁড়িয়ে দেখেছি যে এই ছেলেরা চাপের মধ্যে বেশ ভালো পারফরমেন্স করেছে। এই জয়ের কৃতিত্ব পুরো দলকে দিতে হবে।'

আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপে সব জল্পনা-কল্পনা পেছনে ফেলে রোহিতের নেতৃত্বেই যে ভারত অংশ নেবে তা নিশ্চিত করেছে বিসিসিআই। এরপর আগামী বছর পাকিস্তানে বসার কথা চ্যাম্পিয়ন্স ট্রফির আসর। এই দুই টুর্নামেন্টের পর দলের অন্যান্য সিনিয়রের মতো রোহিত শর্মাও হয়ত ক্যারিয়ার নিয়ে নতুন করে ভাববেন।

# অবশেষে আইপিএলে দল পেলেন সাকিব




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অবশেষে আইপিএলে দল পেয়েছেন তরুণ ক্রিকেটার সাকিব হুসেন। ভারতীয় এই ১৯ বছর বয়সি তরুণকে ২০ লাখ রুপিতে দলে নিয়েছে বলিউড সুপারস্টার শাহরুখ খানের দল কলকাতা নাইট রাইডার্স (কেকেআর)। গত শনিবার সামাজিক যোগাযোগমাধ্যমে এক পোস্টে এমনটি জানা যায়। ওই পোস্টে বলা হয়, আইপিএল থেকে যে ২০ লাখ টাকা সাকিব পাবেন, তার প্রায় পুরোটাই নিজের পরিবারের হাতে তুলে দেবেন। শুধুমাত্র ক্রিকেটীয় সরঞ্জাম এবং বোলিং করার জন্য নির্দিষ্ট জুতো কিনতে কিছু টাকা খরচ করবেন তরুণ সাকিব। ভারতের গোপালগঞ্জ জেলায় জন্ম ১৯ বছর বয়সি তরুণ প্রতিভাবান ক্রিকেটার সাকিব হুসেনের। বর্তমানে সাকিব মুম্বাইয়ে কেকেআর একাডেমিতে অন্যান্য খেলোয়াড়দের সঙ্গে সপ্তাহব্যাপী প্রশিক্ষণ সেশনে নিজেকে তৈরি করছেন। এদিকে, বাংলাদেশ দলের সাবেক অধিনায়ক ও বিশ্বসেরা অলরাউন্ডার আইপিএলের আসন্ন আসরের নিলামের আগেই নাম তুলে নেন। আইপিএলে আর না খেলার সিদ্ধান্ত নেন মাগুরা-১ আসন থেকে সবশেষ জাতীয় নির্বাচনে অংশ নিয়ে সংসদ সদস্য হওয়া সাকিব।

## হ্যাটট্রিকের রেকর্ড ভেঙে
# যা বললেন কেন




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** দুর্দান্ত পারফরম্যান্সের ধারাবাহিকতায় আরও একটি হ্যাটট্রিক উপহার দিলেন হ্যারি কেন। তার অসাধারণ নৈপুণ্যে এবং দলের অন্যদের অবদানে মাইন্সের বিপক্ষে বায়ার্ন মিউনিখ পেল বিশাল ব্যবধানের জয়। আলিয়াঞ্জ অ্যারেনায় শনিবার বুন্দেসলিগার ম্যাচটি ৮-১ গোলে জিতেছে স্বাগতিকরা।

টটেনহ্যাম হটস্পার থেকে এই মৌসুমের শুরুতে মিউনিখে পাড়ি দিয়ে অল্প সময়েই নতুন ঠিকানায় মানিয়ে নিয়েছেন কেন। যদিও মৌসুমের শুরু থেকে তার দলের সময়টা তেমন ভালো কাটছে না, তবে ব্যক্তিগত পারফরম্যান্সে দারুণ উজ্জ্বল তিনি। জার্মানির শীর্ষ লিগে প্রথম খেলোয়াড় হিসেবে অভিষেক মৌসুমে আট ম্যাচে অন্তত দুটি করে গোল করলেন তিনি। আর প্রথম খেলোয়াড় হিসেবে প্রতিযোগিতাটিতে অভিষেক আসরে চারটি হ্যাটট্রিকও করলেন ৩০ বছর বয়সী ফরোয়ার্ড। যা জার্মান লিগে করতে পারেনি আর কেউ! মাইন্সের বিপক্ষে কেন গোলের দেখা পান ১৩ মিনিটে। সাত মিনিট পর কেনের প্রচেষ্টায় ব্যবধান বাড়িয়ে নেন লিওন গোরেৎজকা। ৩১ মিনিটে মেইঞ্জের হয়ে ব্যবধান কমিয়েছিলেন আমিরি। তার পর যেন আরও বিপজ্জনক হয়ে ওঠে বায়ার্ন। প্রথমার্ধের যোগ করা সময়ে দ্বিতীয় গোল তুলে নেন কেন। তার পর একে একে থমাস মুলার, মুসিয়ালা, জনাব্রি জাল কাঁপিয়ে প্রতিপক্ষের রক্ষণ বিধ্বস্ত করে ছাড়েন। কেন তার হ্যাটট্রিক পূরণ করেন ৭০ মিনিটে। তবে গোলবন্যা বইয়ে দিলেও, এখনই থামতে চান না কেন। আরও রেকর্ড ভাঙার প্রত্যয়ের কথা জানিয়েছেন তিনি। গতকাল নিজের হ্যাটট্রিক ও দলের জয় সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামেও উদযাপন করেছেন কেন। সেখানে এক পোস্টে লিখেছেন, 'আরও আসছে।'

## লিভারপুল-ম্যানসিটি
# মহারণে জিতলো না কেউই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইংলিশ প্রিমিয়ার লিগের গুরুত্বপূর্ণ ম্যাচে মুখোমুখি হয় লিভারপুল ও ম্যানচেস্টার সিটি। আগেরদিন ব্রেন্টফোর্ডকে হারিয়ে শীর্ষে উঠে যায় আর্সেনাল। লিভারপুলের সামনে সুযোগ, শীর্ষস্থানে ফিরে আসা। ম্যানসিটির সামনেও সুযোগ ছিল এককভাবে শীর্ষে ওঠার। কিন্তু কোনো দলেরই লক্ষ্য অর্জিত হয়নি। ঘরের মাঠ অ্যানফিল্ডে পেপ গার্দিওলার শিষ্যদের সঙ্গে ১-১ গোলে ড্র করেছে ইয়ুর্গেন ক্লপের শিষ্যরা।

লিভারপুলের মাঠে ম্যাচের ২৩তম মিনিটেই এগিয়ে যায় ম্যানসিটি। জন স্টোনস গোল করে এগিয়ে দেন গার্দিওলার দলকে। প্রথমার্ধে কোনো গোল দিতে পারেনি লিভারপুল। দ্বিতীয়ার্ধের প্রথম দিকেই গোলটি শোধ করে দেয় অল রেডরা। আর্জেন্টাইন তারকা অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টার পেনাল্টি শট থেকে গোলটি করেন। এরপর আর কেউ কারো জালে বল জড়াতে পারেনি।

লিভারপুল-ম্যানসিটির ড্র করাতে লাভ হলো আর্সেনালেরই। একদিন আগে যে তারা শীর্ষে উঠেছিল, সেখান থেকে আর সরে আসতে হয়নি গানারদের। শীর্ষেই রইলো। যদিও লিভারপুল আর আর্সেনালের পয়েন্ট সমান, ২৮ ম্যাচে ৬৪ করে। তবে গোল ব্যবধানে এগিয়ে আর্সেনাল। সমান ম্যাচে ম্যানসিটির পয়েন্ট ৬৩।

# আইসিসির তিন সংস্করণেই শীর্ষে ভারত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আইসিসির ওয়ানডে ও টি-টোয়েন্টি র‍্যাংকিংয়ে আগে থেকেই শীর্ষে ছিল ভারত। এবার ইংল্যান্ডে বিপক্ষে সিরিজের পঞ্চম তথা শেষ টেস্ট জিতে দারুণ এক সুখবর পেল রোহিত শর্মার নেতৃত্বাধীন ম্যান ইন ব্লুরা।

সদ্য শেষ হওয়া সাদা পোশাকের সিরিজে ইংল্যান্ডকে ৪-১ ব্যবধানে পরাজিত করেছেন ভারত। ধর্মশালার হিমাচল প্রদেশ ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে অনুষ্ঠিত সিরিজের শেষ ম্যাচে বেন স্টোকসের দলকে ইনিংস এবং ৬৪ রানে হারিয়েছে স্বাগতিকরা।

ধর্মশালা টেস্টের পর এই সংস্করণের র‍্যাংকিং হালনাগাদ করেছে আইসিসি। যেখানে অবধারিতভাবেই র‍্যাংকিংয়ের শীর্ষে উঠে এসেছে এশিয়ান জায়ান্টরা। এর মাধ্যমে বর্তমানে তিন ফরম্যাটের শীর্ষে অবস্থান করছে তারা ভারত।

র‍্যাংকিং টেবিলে ভারতের রেটিং পয়েন্ট ১২২। আর অস্ট্রেলিয়ার পয়েন্ট ১১৭। র‍্যাংকিংয়ে তৃতীয়স্থানে আছে ইংল্যান্ড। তাদের পয়েন্ট ১১১। এরপরই নিউজিল্যান্ডের অবস্থান। ১০১ পয়েন্ট নিয়ে টেবিলের চতুর্থ স্থানে আছে তারা।

তবে ভারতের শীর্ষস্থান নড়চড় হতে পারে অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের মধ্যকার ক্রাইস্টচার্চ টেস্ট শেষ হলে। এক্ষেত্রে অস্ট্রেলিয়া জিতে গেলে হয়তো নিজেদের জায়গা পুনরায় ফিরে পাবে প্যাট কামিন্সের দল। নিউজিল্যান্ডের ২৭৯ রানের লক্ষ্যে ব্যাট করছে অসিরা।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি , নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR